বাংলা দ্বিতীয় পত্র
রচনামূলক প্রশ্ন

১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:

(ক) জাতীয় পতাকা
(খ) মোবাইল ফোন

২. সারাংশ লেখো:

(ক) মহাসমুদ্রের শত বৎসরের কল্লোল কেহ যদি এমন করিয়া বাঁধিয়া রাখিতে পারিত যে, সে ঘুমাইয়া পড়া শিশুটির মতো চুপ করিয়া থাকিত, তবে সেই নীরব মহাশব্দের সহিত এই লাইব্রেরির তুলনা হইত। এখানে ভাষা চুপ করিয়া আছে, প্রবাহ স্থির হইয়া আছে, মানবাত্মার অমর আলোক কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের কারাগারে বাঁধা পড়িয়া আছে। ইহারা সহসা যদি বিদ্রোহী হইয়া উঠে, নিস্তব্ধতা ভাঙিয়া ফেলে, অক্ষরের বেড়া দগ্ধ করিয়া একেবারে বাহির হইয়া আসে। হিমালয়ের মাথার উপরে কঠিন বরফের মধ্যে যেমন কত কত বন্যা বাঁধা আছে, তেমনি এই লাইব্রেরির মধ্যে মানবহৃদয়ের বন্যা কে বাঁধিয়া রাখিয়াছে?

অথবা,

সারমর্ম লেখো:

(খ) এসেছে নতুন শিশু, তাকে ছেড়ে দিতে হবে স্থান;
জীর্ণ পৃথিবীতে ব্যর্থ, মৃত আর ধ্বংসস্তূপ-পিঠে।
চলে যেতে হবে আমাদের।
চলে যাব- তবু আজ যতক্ষণ দেহে আছে প্রাণ
প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল,
এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাবো আমি
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।

৩. (ক) মনে করো, তুমি রূপা। ২০২৪ সালের এসএসসি পরীক্ষার একজন পরীক্ষার্থী। উক্ত পরীক্ষার প্রস্তুতি জানিয়ে কুমিল্লায় বসবাসরত পিতার কাছে একখানা পত্র লেখো।

অথবা,

(খ) মনে করো, তুমি শারমিন নিগার। সীতাকুণ্ড উপজেলার বড়ো কুমিরা এলাকার বাসিন্দা। তোমার এলাকায় পাঠাগার স্থাপনের প্রয়োজনীয়তা জানিয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট একখানা আবেদনপত্র লেখো।

৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:

(ক) যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে;
যে জাতি জীবনহারা অচল অসাড়
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।

(খ) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

৫. (ক) মনে করো, তুমি নাজিফা। তুমি কে. বি, এ, এইচ উচ্চ বিদ্যালয়ের একজন নিয়মিত শিক্ষার্থী। সম্প্রতি তোমার বিদ্যালয়ে উদযাপিত 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপনের বিবরণ দিয়ে একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো।

অথবা,

(খ) মনে করো, তুমি সুশান্ত। 'দৈনিক জনকণ্ঠ' পত্রিকার একজন স্থানীয় প্রতিবেদক। তোমার এলাকার সড়কের দুরবস্থার বর্ণনা দিয়ে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন তৈরি করো।

৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:

(ক) বাংলাদেশের পর্যটনশিল্প
(খ) রোকেয়া সাখাওয়াত হোসেন
(গ) কৃষিকাজে বিজ্ঞান

prosnobd.com

নৈর্ব্যক্তিক অভীক্ষা
বাংলা ২য় পত্র
[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]
সময় – ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

বিষয় কোড: 102
সেট : ক

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

১। বাংলা ভাষার সাথে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে কোনটির?
(ক) সংস্কৃত
(খ) অহমিয়া
(গ) ওড়িয়া
(ঘ) মৈথিলি

২। বাগ্যন্ত্রের মধ্যে সবচেয়ে সচল ও সক্রিয় প্রত্যঙ্গ কোনটি?
(ক) ওষ্ঠ (খ) মূর্ধা
(গ) জিভ (ঘ) তালু

৩। পার্শ্বিক ব্যঞ্জনধ্বনির উদাহরণ কোনটি?
(ক) র (খ) ড়
(গ) হ (ঘ) ল

৪। যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হলে বক্তব্য জোরালো হয় তাকে কী বলে?
(ক) নির্দেশক
(খ) বলক
(গ) বিভক্তি
(ঘ) বচন

৫। 'নিমখুন' শব্দের 'নিম' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়?
(ক) প্রায় (খ) তুল্য
(গ) অর্ধেক (ঘ) অল্প

৬। 'ভাব' অর্থে প্রত্যয় যুক্ত হয়েছে কোন শব্দে?
(ক) বাঘা
(খ) জেঠামি
(গ) কানাই
(ঘ) বাহাদুরি

৭। উপমিত কর্মধারয় সমাস কোনটি?
(ক) মনমাঝি
(খ) চন্দ্রমুখ
(গ) ঘরজামাই
(ঘ) কাজলকালো

৮। নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধির উদাহরণ কোনটি?
(ক) একাদশ (খ) গবাক্ষ
(গ) কুলটা (ঘ) নাবিক

৯। বিবৃত স্বরধ্বনি কোনটি?
(ক) এ (খ) ও
(গ) অ (ঘ)আ

১০। ধ্বন্যাত্মক দ্বিত্বের উদাহরণ কোনটি?
(ক) চুপচাপ
(খ) ঝমঝম
(গ) ঝিকিমিকি
(ঘ) সুরে সুরে

১১। নিত্য নারীবাচক শব্দের উদাহরণ কোনটি?
(ক) সুন্দরী
(খ) বেগম
(গ) বিধবা
(ঘ) শিক্ষিকা

১২। 'চশমা' কোন ভাষার শব্দ?
(ক) তুর্কি-
(খ) আরবি
(গ) ফারসি
(ঘ) পর্তুগিজ

১৩। বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি?
(ক) সাত
(খ) এগারো
(গ) ত্রিশ
(ঘ) সাঁইত্রিশ

১৪। 'প্রাচী' শব্দের বিপরীত শব্দ কোনটি?
(ক) প্রতীচী
(খ) প্রতীচ্য
(গ) প্রাচ্য
(ঘ) পাশ্চাত্য

proshobd.com

১৫। 'হাতি' শব্দের সঠিক প্রতিশব্দ কোনটি?
(ক) কর (খ) হয়
(গ) দ্বিপ (ঘ) মার্তণ্ড
১৬। 'ঠোঁট কাটা' বাগধারাটির অর্থ কী?
(ক) নির্লজ্জ
(খ) সংকীর্ণমনা
(গ) কাণ্ডজ্ঞানহীন
(ঘ) বেহায়া
১৭। বাক্যের মধ্যকার একাধিক পদকে সংযুক্ত করতে কোন যতিচিহ্ন ব্যবহৃত হয়?
(ক) ড্যাশ
(খ) হাইফেন
(গ) কোলন
(ঘ) সেমিকোলন
১৮। কর্মবাচ্যের উদাহরণ কোনটি?
(ক) চিঠিটা পড়া হয়েছে।
(খ) শরতে শিউলি ফোটে।
(গ) আমার যাওয়া হলো না।
(ঘ) এবার বাঁশিটি বাজাও।
১৯। অর্থের সংগতি রাখার জন্য বাক্যে ব্যবহৃত কোন পদের পরিবর্তন প্রয়োজন?
(ক) বিশেষ্য
(খ) বিশেষণ
(গ) সর্বনাম
(ঘ) অব্যয়
২০। 'রাজীব বাংলা ব্যাকরণে ভালো'-বাক্যে 'ব্যাকরণে' কোন কারক?
(ক) কর্তা (খ) কর্ম
(গ) করণ (ঘ) অধিকরণ
২১। গঠন-বৈশিষ্ট্য অনুযায়ী বাংলা বাক্যকে কয় ভাগে ভাগ করা যায়?
(ক) দুই
(খ) তিন
(গ) চার
(ঘ) পাঁচ
২২। বিধেয় ক্রিয়ার বিশেষ্য অংশকে কী বলে?
(ক) বর্গ
(খ) পূরক
(গ) প্রসারক
(ঘ) উদ্দেশ্য
২৩। 'সে লিখছে আর হাসছে।' বাক্যে 'লিখছে আর হাসছে' কোন বর্গ?
(ক) বিশেষ্যবর্গ
(খ) বিশেষণবর্গ
(গ) ক্রিয়াবর্গ
(ঘ) ক্রিয়াবিশেষণ-বর্গ
২৪। ক্রিয়া-বিশেষ্যের উদাহরণ কোনটি?
(ক) ভোজন (খ) ধৈর্য
(গ) মিছিল (ঘ) দয়া
২৫। সাপেক্ষ সর্বনামের উদাহরণ কোনটি?
(ক) এরা (খ) পরস্পর
(গ) যে-সে (ঘ) নিজেরা নিজেরা
২৬। 'বিধেয় বিশেষণ' রয়েছে কোন বাক্যে?
(ক) খুব ভালো খবর।
(খ) আধা কেজি চাল।
(গ) এই পুকুরের পানি ঘোলা।
(ঘ) গাড়িটা বেশ জোরে চলছে।
২৭। যৌগিক ক্রিয়ার উদাহরণ কোনটি?
(ক) লজ্জা পাওয়া
(খ) হেসে ওঠা
(গ) সাঁতারকাটা
(ঘ) কথা দেওয়া
২৮। পদাণু ক্রিয়াবিশেষণ রয়েছে কোন বাক্যে?
(ক) টিপটিপ বৃষ্টি পড়ছে।
(খ) যথাসময়ে সে হাজির হয়।
(গ) তিনি বেড়াতে যাননি।
(ঘ) মরি তো মরব।
২৯। কোনোকিছুর সামান্য অংশ বা অল্প পরিমাণ বোঝাতে কোন নির্দেশক ব্যবহৃত হয়?
(ক) -টা
(খ) -খানা
(গ) -খানি
(ঘ) -টুকু
৩০। 'সকলের মঙ্গল হোক।' বাক্যটি বর্তমান কালের কোন রূপ?
(ক) সাধারণ বর্তমান
(খ) ঘটমান বর্তমান
(গ) পুরাঘঠিত বর্তমান
(ঘ) অনুজ্ঞা বর্তমান

proshobd.com